

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
জেলা পরিষদ অধিশাখা
www.lgd.gov.bd

নং-৪৬.৪২.০৪০০.০০০.১৪.১১১.১৫. ৭১৭

ফাল্গুন ১৪২২ বঙ্গাব্দ
তারিখঃ ০৭ মার্চ ২০১৬ খ্রিষ্টাব্দ

বিষয়ঃ ২০১৫-২০১৬ অর্থ বছরে এডিপি সাধারণ বরাদ্দের আওতায় গৃহীত প্রকল্প বাস্তবায়নের প্রশাসনিক অনুমোদন।

সূত্রঃ বরগুনা জেলা পরিষদের স্মারক নং-জেপবর/প্রকৌঃ(উন্নয়ন)/০৪-২০১৬/৩৩, তারিখঃ ০৪/০২/২০১৬।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে ২০১৫-২০১৬ অর্থ বছরে এডিপি সাধারণ বরাদ্দের আওতায় ৪,০৫,০০,০০০/- (চার কোটি পাঁচ লক্ষ) টাকায় গৃহীত এতদসঙ্গে সংযুক্ত তালিকায় বর্ণিত ১৭৯ টি প্রকল্প নিম্নে বর্ণিত শর্তে বিধি মোতাবেক বাস্তবায়নের প্রস্তাবে নির্দেশক্রমে অনুমোদন দেয়া হলোঃ

শর্তসমূহঃ

- ১) প্রকল্পসমূহের প্রাক্কলন নির্বাহী প্রকৌশলী, এলজিইডি, বরগুনা কর্তৃক পরীক্ষা করে মন্ত্রণালয়কে অবহিত রেখে বাস্তবায়নের কার্যক্রম গ্রহণ করতে হবে;
- ২) দ্বৈততা পরিহারের লক্ষ্যে ইউনিয়ন পরিষদ/পৌরসভা/এলজিইডি/সড়ক ও জনপথ বিভাগ কর্তৃক বর্ণিত রাস্তাসমূহের উন্নয়ন কাজ করা হয়নি মর্মে প্রত্যয়ন গ্রহণ করতে হবে;
- ৩) সাধারণ জনগণ পানি পান করতে পারে এরূপ উন্মুক্ত এলাকায় গভীর নলকূপ স্থাপন করতে হবে এবং নলকূপটি 'সাধারণ জনগণের পানীয় জলের জন্য' এরূপ একটি সাইনবোর্ড স্থাপন করতে হবে;
- ৪) ক্রমিক নং ১ ও ২ এ উল্লিখিত ডাকবাংলো নির্মাণ প্রকল্পের অবশিষ্ট প্রয়োজনীয় অর্থ জেলা পরিষদের রাজস্ব/এডিপি/সাশ্রয়কৃত তহবিল হতে সংস্থান করতে হবে;
- ৫) পিপিআর ২০০৮ এবং এতদসংক্রান্ত সকল বিধি বিধান অনুসরণ করে প্রকল্পসমূহ বাস্তবায়ন করে মন্ত্রণালয়ে একটি প্রতিবেদন প্রেরণ করতে হবে।

সংযুক্তঃ বর্ণনামতে।

প্রধান নির্বাহী কর্মকর্তা
জেলা পরিষদ, বরগুনা।

(মোঃ জাহিদ হোসেন) ০৭/০৩/২০১৬
সিনিয়র সহকারী সচিব
ফোনঃ ৯৫৭৫৫৬৮

Email-lgzp@lgd.gov.bd

অনুলিপি-জ্ঞাতার্থে/কার্যার্থেঃ

- ১। মহাপরিচালক (মইইউইং), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। বিভাগীয় কমিশনার, বরিশাল।
- ৩। পরিচালক, স্থানীয় সরকার, বরিশাল (অনুমোদিত প্রকল্পগুলো সরজমিনে পরিদর্শন করে প্রতিবেদন প্রেরণের জন্য অনুরোধ করা হলো)।
- ৪। প্রশাসক, জেলা পরিষদ, বরগুনা।
- ৫। কম্পিউটার প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের জন্য)।